ট্রেনিং শেষে বাড়ি ফিরেই আত্মহনন করলো গাংনীর যুবক লিমন

জোর করে সিঙ্গাপুর পাঠানোর জন্য পারিবারিক চাপ ছিলো লিমনের উপর। তাকে বাধ্য করিয়েছিল প্রশিক্ষণ যাওয়ার জন্য। গত ৫ দিন আগে ঢাকা থেকে ট্রেনিং শেষ করে বাড়িতে এসেছে লিমন।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে নিজ ঘরের আড়ার সাথে গলাই রশি পেঁচিয়ে লিমন হোসেন আত্মহত্যা করেন। লিমন গাংনী উপজেলার নওয়াপাড়া গ্রামের আরশেদ আলী ছেলে।

স্থানীয়রা জানান, লিমন গ্রামের এক মেয়ের প্রেমে আসক্ত হয়ে পড়াই সে সিঙ্গাপুরে যেতে আগ্রহী ছিলোনা। তারপরেও পরিবারের চাপে সে দিশেহারা ছিলো। চাপ সইতে না পেরে আত্মহত্যার পথ বেছে নিয়েছেবলে ধারণা করছেন তারা।

লিমনের বাবা আরশেদ আলী বলেন, লিমন সকালে পরিবারের লোকজনের সাথে খাওয়া-দাওয়া শেষে নিজ ঘরে ঘুমাতে যায়। কিছুক্ষণ পর ঘরের আড়ার সাথে মরদেহ ঝুলতে দেখা যায়।

সিঙ্গাপুরের যাওয়ার জন্য লিমন গত ৫ দিন আগে ঢাকা থেকে ট্রেনিং শেষ করে বাড়িতে আসে। কি কারণে আত্মহত্যা করেছে সেটি এখন পর্যন্ত নিশ্চিত হতে পারিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

আলমডাঙ্গায় গাঁজা সেবনের দায়ে

যুবকের জেল

আলমডাঙ্গার গড়গড়ি গ্রামে গাঁজা সেবনের দায়ে এক যুবককে ৬ মাসের কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে গড়গড়ি গ্রামে উপস্থিত হয়ে এ আদেশ প্রদান করেন।

আদালত সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের গড়গড়ি গ্রামের আজিজুদ্দিনের ছেলে মাসুদ রানা। সে দীর্ঘদিন যাবৎ মাদকদ্রব্য গাঁজা সেবনের পাশাপাশি বিক্রয় করে আসছিলো।

সোমবার বেলা ১২ টার দিকে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশ মাদকদ্রব্য অভিযান পরিচালনা করেন। এসময় গড়গড়ি গ্রাম থেকে মাসুদ রানাকে ২৫ গ্রাম গাঁজাসহ আটক করে পুলিশ। পরে আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ উপস্থিত হয়ে মাসুদ রানাকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে।

মিরপুরে ঘাস কাটতে গিয়ে বজ্রপাতে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে বজ্রপাতে আসিফ (১৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার ধুবইল ইউনিয়নের কালিকাপুর মাঠে এ ঘটনা ঘটে।

নিহত আসিফ একই এলাকার মতিয়ার রহমান মধুর ছেলে। সে পেশায় দিনমজুর ছিলেন।

নিহতের পরিবারের বরাত দিয়ে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, যুবক আসিফ তার বাড়ির পাশে কালিকাপুর মাঠে গরুর জন্য ঘাস কাটতে যান।

এসময় বৃষ্টির সঙ্গে প্রচণ্ড শব্দে বজ্রপাত হলে আসিফ ঘটনাস্থলেই মারা যান। পরে মাঠের লোকজন তাকে উদ্ধার করে বাড়িতে নেয়। ওসি আরও জানান, পরিবারের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই মরদেহ